

## আর্থ সামাজিক উন্নয়নে ইউনিটি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি., দুর্গাপুর, নেত্রকোণা।

“বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন” চিরসত্য এই উক্তিটি সামনে রেখে ক্ষুধা ও দারিদ্রমুক্ত সোনার বাংলা বিনির্মাণে ২০১০ সালের শুরুর দিকে নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলায় যাত্রা শুরু করে ইউনিটি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি:। এলাকার বিশাল জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নে নিরবে নিভূতে কাজ করে যাচ্ছে। প্রাচীন স্মৃতি বিজরিত দুর্গাপুর উপজেলাটি উন্নয়নের মাপকাঠিতে অনেকটাই অবহেলিত। এই এলাকার জনসাধারণের প্রধান পেশা কৃষি। এসব দরিদ্র ও অতি দরিদ্র মানুষের ভাগ্যোন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে ইউনিটি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি:।

### সমিতির প্রাথমিক তথ্যাদি:

সমিতির নাম: ইউনিটি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি:

নিবন্ধন নং মূল-২৫৫, তারিখ: ২৮/১২/২০১০ খ্রি. এবং সংশোধিত নিবন্ধন নং-০৯, তারিখ: ২৮/০৪/২০২১ খ্রি:

গ্রাম: বাগিচাপাড়া, ডাকঘর: সুসং-২৪২০

উপজেলা: দুর্গাপুর, জেলা: নেত্রকোণা।

সমিতির মোট সদস্য সংখ্যা: ৪৬৭ জন।

কার্যকরী মূলধন: ২,৯৯,৪৪,৪৩৮/- টাকা।

শেয়ার আমানত: ২০,১৯,৫০০/- সঞ্চয় আমানত: ২,৬১,৭৪,৫২৪/- টাকা।

সমিতিতে কর্মরত কর্মচারীর সংখ্যা: ০৪ জন।

### আর্থ সামাজিক উন্নয়নে সমিতি কর্তৃক গৃহিত কার্যক্রম:

১) দারিদ্র বিমোচনে ক্ষুদ্র ঋণ কার্যক্রম: মহাজনী চড়া সুদ থেকে মুক্তি পাবার উদ্দেশ্যে অত্র সমবায় সমিতির সৃষ্টি। সমিতিটির সৃষ্টি লগ্ন থেকে দারিদ্র বিমোচন সহ সদস্যদের স্ব-কর্মসংস্থান ও অর্থনৈতিক মুক্তিতে ব্যাপকভাবে কাজ করে আসছে। সদস্যগণ তাদের সঞ্চিত ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়ের টাকা সমিতির সদস্যদের মধ্যে ঋণ বিতরণ ও আদায়ের মাধ্যমে নিজেদের অর্থনৈতিক উন্নয়নসহ দারিদ্র বিমোচন করে নিজেদের আর্থসামাজিক অবস্থার পরিবর্তন করে যাচ্ছে।

২) শিক্ষা উন্নয়নে কার্যক্রম: সমিতির কর্তৃপক্ষ শিক্ষার উন্নয়ন ও প্রসারে খুবই সচেতন। তারই অংশ হিসেবে সমিতির সদস্যদের ছেলেমেয়ে ও কর্ম এলাকার মেধাবী শিক্ষার্থীদের মধ্যে প্রতিবছর বিনা মূল্যে শিক্ষা উপকরণ বিতরণ করে শিক্ষার্থীদের শিক্ষায় উৎসাহিতকরন সহ সমিতির কর্তৃপক্ষ নিয়মিত উঠান বৈঠক ও বার্ষিক সাধারণ সভায় সমিতির সদস্যদের শিক্ষার সুফল সম্পর্কে সচেতন করে শিক্ষার উন্নয়নে নিরব ভূমিকা পালন করে আসছে।

৩) সামাজিক সচেতনতা বৃদ্ধিতে কার্যক্রম: করোনাকালীন সময়ে সদস্যদেরকে সামাজিকভাবে সচেতন করাসহ সুরক্ষা সামগ্রী প্রদান করে সমাজের সকল স্তরের মানুষের নিকট সমিতিটি প্রশংসিত হয়েছে এছাড়াও সমাজে বাল্য বিবাহ, যৌতুক প্রথা রোধে সমিতির সদস্যদের ব্যাপকভাবে উৎসাহিত করার মাধ্যমে সমিতির কর্ম এলাকায় বাল্য বিবাহের হার শূন্যের কোঠায় আনতে নিরব ভূমিকা পালন করে আসছে। এছাড়াও সমিতির কর্তৃপক্ষ সমাজে ছড়িয়ে পড়া বিভিন্ন প্রকার গুজব সম্পর্কে সদস্যদের সচেতন করে থাকে।

৪) জরুরী দান/অনুদান: সমিতিটি কর্ম এলাকার লোকজনের আপদে বিপদে সর্বদায় ত্রাতার ভূমিকায় অবতীর্ণ হয়। যখনি কোন লোক তার বিপদে সহযোগিতার জন্য সমিতির দারস্থ হন তখনি সমিতিটি তার সাধ্য অনুযায়ী সহযোগিতায় এগিয়ে আসে। বিশেষ করে গ্রামের বিয়ে সাদি ও সমাজের সদস্যদের চিকিৎসা সেবায় আর্থিক ভাবে সহায়তা করে যাচ্ছে।

### আর্থিক কার্যক্রম:

ক) ক্ষুদ্র ঋণ পরিচালনার মাধ্যমে সমিতিটি তার সদস্যদের আর্থ সামাজিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখছে। ২০২০-২১ অর্থ বছরে সমিতিটি মোট ২,২১,৩০০০০/-টাকা ঋণ বিতরণ করে ১,৯৪,৯৭,৫৮২/-টাকা আদায় করে ৩০/০৬/২১ খ্রি. পর্যন্ত পাওনা ঋণের পরিমাণ ৩,০৫,৮৩,৯৯৯/- টাকা। সদস্যগণ সমিতি হতে ঋণ গ্রহন করে তাদের নিজস্ব ব্যবসা বানিজ্য, ক্ষেত্রমতে কৃষি কাজে ব্যবহার করে স্ব-কর্মসংস্থানসহ উন্নত জীবনের স্বপ্ন দেখছে।



সমিতির ক্ষুদ্র ঋণ বিতরণের স্থির চিত্র

- খ) সমিতিটি তার লভ্যাংশের টাকা নিয়মিতভাবে সদস্যদের মধ্যে শেয়ার অনুপাতে বিতরণ করায় সমিতির সদস্যগণ নিয়মিতভাবে শেয়ার ক্রেতে উদ্বুদ্ধ হচ্ছে।
- গ) সমিতিটি তার সঞ্চয়ের বিপরীতে ৬% লভ্যাংশ প্রদান করায় সদস্যগণ নিয়মিতভাবে সঞ্চয় জমা প্রদানে উৎসাহিত হয়ে সঞ্চয় জমা করে লাভবান হচ্ছে।

#### ব্যবস্থাপনা কার্যক্রম:

ক) নিয়মিত মাসিক সভাঃ সমিতির ব্যবস্থাপনা কমিটি নিয়মিত মাসিক সভায় মিলিত হয়ে বিগত মাসের মাসিক কার্যক্রম পর্যালোচনা ও আগামী মাসের কর্মপরিকল্পনা গ্রহণের মাধ্যমে সমিতির কার্যক্রম পরিচালনা করে আসছে।



সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠানের স্থির চিত্র

- খ) বার্ষিক সাধারণ সভাঃ সমিতিতে সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক প্রতি বছর নিয়মিত ভাবে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।
- গ) নিয়মিত নির্বাচন অনুষ্ঠানঃ গনতান্ত্রিক চর্চা ও নেতৃত্ব বিকাশের লক্ষ্যে সমিতিতে সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক প্রতিবছর নির্বাচন অনুষ্ঠিত হয়।
- ঘ) নিয়মিত অডিট সম্পাদন ও সংশোধনী দাখিলঃ সমিতির ব্যবস্থাপনা কমিটি সমিতির নিয়মিত বার্ষিক অডিট সম্পাদনসহ অডিট প্রতিবেদনে উল্লেখিত ভুলত্রুটি সমূহ সংশোধন করত সংশোধনী প্রতিবেদন দাখিল করে।
- ঙ) সমবায় সমিতি আইন, বিধিমালা ও সমবায় বিভাগের নির্দেশনা প্রতিপালনঃ সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক সমিতির কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটি সর্বদাই তৎপর।

উপসংহারঃ “বঙ্গবন্ধুর দর্শন সমবায় উন্নয়ন” চিরসত্য এই উক্তিটি সামনে রেখে সমিতিটি এলাকার গরীব দুঃখী মানুষের মুখে হাসি ফোটানোসহ সদস্যদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন তথা বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে অগ্রনী ভূমিকা পালন করে আসছে।

(বিজন কান্তি ধর)

উপজেলা সমবায় অফিসার

দুর্গাপুর, নেত্রকোণা।